



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিপিটি অনুবিভাগ  
সিপি-৩ শাখা



...

সভাপতি	ড. মোঃ সহিদউল্লাহ অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়।
সভার তারিখ	০৫ আগস্ট, ২০২১
সভার সময়	১১.০০ ঘটিকা।
স্থান	Zoom App এর মাধ্যমে।
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, পরিবর্তিত বিশ্বের সাথে তাল মিলিয়ে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা এবং সেবা প্রদান পদ্ধতি সহজীকরণের মাধ্যমে সরকারি সেবা সেবাপ্রত্যাশীদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকার নানামুখী কার্যক্রম গ্রহণ করেছে। সেবা প্রদান প্রতিশ্রুতি যুগোপযোগী করা এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম জোরদার করা এসবের অন্যতম। এ বছর মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন এবং উদ্ভাবনী কার্যক্রমকে একীভূত করা হয়েছে। উক্ত চুক্তিতে উল্লিখিত সিটিজেন্স চার্টার ও উদ্ভাবনী কর্মকাণ্ড সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এ মন্ত্রণালয়ের নিজস্ব কর্মপরিকল্পনা থাকা প্রয়োজন। সে লক্ষ্যে একটি খসড়া কর্মপরিকল্পনা নিয়ে এ সভা আয়োজন করা হয়েছে। এ কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন এবং পরিবীক্ষণ করা সহজ হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুসারে বিষয়বস্তু উপস্থাপনের অনুরোধ জানান।

০২। উপসচিব, সিপি-শাখা জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্দেশিকা অনুসারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সিটিজেন্স চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের নিজস্ব সমন্বিত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তিনি প্রস্তুতকৃত সিটিজেন্স চার্টার এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ সভায় উপস্থাপন করেন।

০৩। উপস্থাপিত খসড়া কর্মপরিকল্পনার ওপর সভায় বিস্তারিত আলোচনা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার হালনাগাদ করার পাশাপাশি ব্যবহারকারীদের সুবিধার্থে ওয়েবসাইটে পিডিএফ ফরম্যাটের পরিবর্তে সেবা গ্রহণের ফরম ও লিংকসহ এইচটিএমএল (HTML) ফরম্যাটে প্রকাশ করা যায় কিনা সে বিষয়ে আলোচনা হয়। কর্মপরিকল্পনা অনুসারে সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সভা নিয়মিত আয়োজনের বিষয়েও সভায় আলোচনা হয়।


০৪। সভায় জনপ্রশাসনের বিভিন্ন দপ্তর/সংস্থা ও মাঠপর্যায়ে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার ডাটাবেইজ প্রণয়ন, উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন ও বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা পর্যালোচনা, মন্ত্রণালয়ের সেবাসমূহ সহজীকরণ, সেবা ডিজিটাইজকরণের লক্ষ্যে পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, কর্মশালা ও সভা আয়োজনের ওপর গুরুত্ব আরোপ করা হয়।

০৫। মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইট হতে পুরাতন ও অপ্রয়োজনীয় তথ্যাদি বাদ দেয়ার বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রতিটি অনুবিভাগ ওয়েবসাইট পরীক্ষা করে সংশ্লিষ্ট তথ্যাদি চিহ্নিত করে পিএসিসি-এর সহায়তায় তথ্য হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। ওয়েবসাইটের তথ্যাদি পুনর্বিবাসের লক্ষ্যে পৃথক একটি সভা করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়।

০৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

১. আলোচনায় প্রাপ্ত মতামত প্রণীত কর্মপরিকল্পনায় সংযোজন করা সাপেক্ষে মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২০২২ চূড়ান্ত করা হলে। কর্মপরিকল্পনা সংযোজনী 'ক'-তে প্রদর্শিত।
২. কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সকল অনুবিভাগ, দপ্তর/সংস্থা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে এবং সংশ্লিষ্ট কমিটিসমূহকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।
৩. ওয়েবসাইট হালনাগাদকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সকল অনুবিভাগের প্রতিনিধির সমন্বয়ে পিএসিসি অবিলম্বে একটি সভা আয়োজন করবে।
৪. সিটিজেনস চার্টার আরও সহজ, কার্যকর এবং ব্যবহার-উপযোগী করার লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটি পৃথক সভা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;
৫. মন্ত্রণালয়ের ইনোভেশন টিম পৃথক সভা করে কর্মপরিকল্পনায় বর্ণিত ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

০৭। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোঃ সহিদউল্লাহ

অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ),

জনপ্রশাসন মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০৯.০০১.২১.৭৩

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮

০৯ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব, মাঠ প্রশাসন, অভ্যন্তরীণ ও নব নিয়োগ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, শৃঙ্খলা-২ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) যুগ্মসচিব, বাবাকো অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) যুগ্মসচিব, সওব্য-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) যুগ্মসচিব, আইন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৯) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) যুগ্মসচিব, বিধি-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

১১/০৮/২০২১

ফেরদৌসী আখতার

উপসচিব